

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর ময়মনসিংহ বিভাগ,
ময়মনসিংহ
মৎস্য সম্পদ জরিপ পদ্ধতি শাখা

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ জাহাঙ্গীর আলম উপপরিচালক
সভার তারিখ	২৭ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি.
সভার সময়	৩:০০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ ও অনলাইন প্ল্যাটফর্ম (জুম), উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, উপপরিচালকের কার্যালয়, ময়মনসিংহ বিভাগ বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্গত সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রের (মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত) আওতাধীন অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ক কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের (স্টেকহোল্ডারগণের) সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের পরিকল্পনা রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। সভাপতি দাপ্তরিক ও নাগরিক সেবা কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের নিমিত্ত শুদ্ধাচার ও নৈতিকতা চর্চার বিষয়ে গুরুত্বারোপ করে সভাকে অবহিত করেন যে, মৎস্য অধিদপ্তর সেবা প্রদানসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে স্বচ্ছতার সাথে সম্পাদন করার জন্য প্রতিটি দপ্তরে নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রতিটি দপ্তরে সরকারের নির্দেশনা মোতাবেক ১ (এক) জন অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও একজন আপীল কর্মকর্তা রয়েছেন যা অফিসিয়াল ওয়েবসাইটসহ নোটিশ বোর্ডেও প্রদর্শন করা হয়েছে। দপ্তরের কোন সেবা প্রদান বা সংশ্লিষ্ট অন্য যেকোন বিষয়ে কারও অভিযোগ থাকলে লিখিতভাবে অভিযোগ বাজে জমা প্রদান অথবা অনলাইনে দপ্তরের ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান নির্ধারিত সময়ের মধ্যে অভিযোগের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে যা অভিযোগকারীকে জানানো হবে। যদি অভিযোগকারী এতে সন্তুষ্ট না হন তবে তিনি আপীল কর্তৃপক্ষের নিকট আপীল আবেদন করতে পারবেন। তিনি এতদবিষয়ে সভায় অংশগ্রহণকারীদের মতামত পেশ করার অনুরোধ জানান। অংশগ্রহণকারীগণ সরকারের গৃহিত এ কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন। এতে সরকারী কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতার ক্ষেত্র তৈরী হবে এবং সেবা গ্রহীতাগণ তাদের প্রত্যাশিত সেবা পাবেন বলে সভায় অভিমত পোষণ করা হয়।

সিদ্ধান্ত-

১. কোন নাগরিক সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবাসমূহ থেকে বঞ্চিত হলে অথবা কোন সেবা প্রাপ্তিতে অসন্তুষ্টি থাকলে অথবা সেবা প্রদান পদ্ধতিতে অসন্তুষ্টি হলে আবেদনের মাধ্যমে অভিযোগ করতে হবে। অভিযোগকারীকে সরাসরি আবেদন না করে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে হবে।

২. প্রতিটি দপ্তরের ওয়েবসাইটে অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা (অনিক) ও আপীল কর্মকর্তার তথ্য সহ অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত অন্যান্য তথ্যাদি আপলোড/হালনাগাদ রাখতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



০৭-০৩-২০২৩
মোঃ জাহাঞ্জীর আলম
উপপরিচালক

নম্বর: ৩৩.০২.৬১০০.৩০৮.৪৪.০০১.২২.২৫

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
০৭ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ


বিতরণ:

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর এবং
- ২। জেলা মৎস্য কর্মকর্তা (সকল), ময়মনসিংহ বিভাগ।



সকল সংযুক্তিসমূহ:

- (১) অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা-স্টেকহোল্ডার সভা হাজিরা



০৭-০৩-২০২৩
মুহাম্মদ সালাহু উদ্দীন কবির
সহকারী পরিচালক